# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 06 April, 2025

অধিকৃত পশ্চিম তীরে শিশুদের ওপর গুলি চালিয়েছে ইসরাইলি বাহিনী।এতে ১৪ বছর বয়সি এক ফিলিস্তিনি-আমেরিকান শিশু নিহত এবং কমপক্ষে দুজন আহত হয়েছে।

ফিলিস্তিনি সংবাদ সংস্থা ওয়াফার বরাতে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে আলজাজিরা।

ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় রোববার নিহত ওই শিশুর নাম ওমর মোহাম্মদ রাবেয়া বলে জানিয়েছে। তাকে রামাল্লাহ শহরের উত্তর-পূর্বে তুর্মুস আয়া শহরের কাছে গুলি করা হয়েছে।

ইসরাইলি সেনাবাহিনী দাবি করেছে, তাদের দিকে পাথর ছুঁড়ে মারছিল এমন একজন ‘সন্ত্রাসী’কে তারা হত্যা করেছে।

অধিকৃত পশ্চিম তীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরাইলি সহিংসতা তীব্রতর হওয়ার মধ্যে এ হামলার ঘটনা ঘটল। এর মধ্যে রয়েছে উত্তরাঞ্চলের উত্তরে একটি বৃহৎ আকারের হামলা যাতে কমপক্ষে ৯৯ জন নিহত হয়েছে। জাতিসংঘের পরিসংখ্যান অনুসারে, নিহতদের মধ্যে প্রায় ১৭ জন শিশু।

ওয়াফার মতে, ইসরাইলি কর্মকর্তারা রাবেয়াকে গ্রেফতার করেছিলেন, পরে তাকে মৃত ঘোষণা করে এবং তার মৃতদেহ আটকে রাখে।

সংস্থাটি জানিয়েছে, এ সময় ১৪ এবং ১৫ বছর বয়সি আরও দুই ফিলিস্তিনি শিশু গুলিবিদ্ধ হয়েছিল।মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্বধারী দুই শিশুর পেট ও উরুতে আঘাত লাগে এবং ফিলিস্তিনের রেড ক্রিসেন্ট সোসাইটি (পিআরসিএস) তাদের চিকিৎসার জন্য হাসপাতালে স্থানান্তর করেছে।

রামাল্লাহ এবং এল-বিরহের গভর্নর লায়লা ঘানেম হাসপাতালে তাদের দেখতে যান এবং এই হামলার নিন্দা জানান।

পশ্চিম তীর ফিলিস্তিনি-আমেরিকান শিশু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:41

URL: https://www.timestodaybd.com/international/775807414